দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 AUG 2016 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2 ...

# একাদশ শ্রেণিতে ভর্তির পদ্ধতি

উচ্চ মাধ্যমিকে ভর্তির জন্য সরকার সহজ এক পদ্ধতি গ্রহণ করেছে। এটি অনেকের কাছে ভালো মনে হলেও গরিব ছাত্রছাত্রীদের জন্য ভীতিকর। এতে আকাঙ্ক্ষিত স্কুলে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হতে হচ্ছে তাদের। মেয়েদের ক্ষেত্রে ভর্তির এ পদ্ধতিটি বিশেষ ঝুঁকিপূর্ণ। ভাগ্যক্রমে ৩০ কিলোমিটার দূরের কোনো কলেজে একজন ছাত্রীর জন্য নির্ধারিত হলে শেষ পর্যন্ত লেখাপড়া বন্ধ হয়ে যেতে পারে। বাড়ি থেকে কলেজের দূরত্ব বেশি হলে তা হয় বাবা-মায়ের চিন্তার বড় কারণ। ভর্তির জন্য ১০টি প্রতিষ্ঠানের তালিকা দিতে হয়। বাধ্য হয়ে অপছন্দের প্রতিষ্ঠানকেও এ তালিকায় রাখতে হয়। একাদশ শ্রেণিতে ভর্তির এ পদ্ধতিটি পরিমার্জন অত্যন্ত জরুরি। বিষয়টি ভেবে দেখার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মো. আজিনুর রহমান লিমন,**
আছানধনী মিয়া পাড়া,
চাপানী হাট, ডিমলা, নীলফামারী